BGMEA

সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/১১৫

তারিখঃ ২৮মে, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা'র ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও তদারকির লক্ষ্যে **Task Force** গঠন প্রসঙ্গে।

সূত্র ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র নং- ডিটি/শিপ/২৪ ঘন্টা চালুকরণ/২০১৭/১৩৮৩, তারিখঃ ১৯/০৫/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা'র ছুটিকালীন সময়ে (ঈদের দিন এক শিফট ব্যতীত) চট্টগ্রাম বন্দরের সকল ধরনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও তদারকি করার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নেতৃত্বে একটি Task Force গঠন করা হয়েছে। উক্ত Task Force এর মোবাইল নং-০১৮৪০৮১৬৫৫৬ সার্বক্ষণিক চালু থাকবে।

বর্ণিত ছুটিকালীন সময়ে উক্ত Task Force এর সদস্য হিসেবে বিজিএমইএ'র প্রতিনিধি জনাব মোঃ শাহ আলম, সহকারী সচিব (মোবাইল নং-০১৮১৯১৮০০৬১,মেইল-info@bgmeactg.org), জনাব এস. এম. শামসুল আরেফিন, নির্বাহী, বিজিএমইএ (মোবাইল নং-০১৭৮০৭২২৯২৮, ০১৫১৫৬৮২৪৭৭, মেইল-info@bgmeactg.org) অংশ গ্রহণ করবেন।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অফিস আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

২৮/৫/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

অনুলিপি-সদয় জ্ঞাতার্থেঃ-

১। সচিব, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
## পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-০৭/২০২৫ তারিখ- ২৭-০৫-২০২৫ ইং।

আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে সরকার কর্তৃক ঘোষিত ছুটির সময়ে বন্দরের অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে সংশ্লিষ্টদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে -

১) ঈদ-উল-আযহা উপলক্ষে ঈদের দিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে বিকাল ১৬.০০ ঘটিকা ব্যতীত নির্ধারিত সরকারী ছুটির দিনসহ পরবর্তী সাপ্তাহিক ছুটির দিনসমূহে জাহাজের অপারেশনাল কাজ, জাহাজ আনা-নেয়া এবং বন্দরে ডেলিভারীসহ স্বাভাবিক কার্যক্রম চালু থাকবে।

২) উক্ত ছুটির সময়ে এবং এর পরবর্তী সময়ে যাতে রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনারের জাহাজীকরণ নির্বিঘ্নে সম্পাদন করা হয় সে বিষয়ে ফ্রেইট ফরওয়ার্ডার, অফডক, এমএলও, ফিডার অপারেটর এবং টার্মিনাল/বার্থ অপারেটরগণ আন্তঃ যোগাযোগ অব্যাহত রাখবেন এবং রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে সঠিক সময়ে জাহাজে বোঝাই করা হয় তা নিশ্চিত করবেন।

৩) আমদানী পণ্যের ক্ষেত্রে এপ্রেইজমেন্ট, বি/ই আউট পাসকরণসহ সকল ধরনের ডেলিভারী কার্যক্রমের জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক পর্যাপ্ত কর্মকর্তা/কর্মচারী বুকিংসহ সার্বিক সুবিধাদির বিষয়ে কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪) তফসিলি ব্যাংকসমূহ আমদানী-রপ্তানীর সাথে সংশ্লিষ্ট ব্যাংকের শাখা এবং বন্দর অভ্যন্তরে স্থিত ব্যাংকের বুথসমূহ বাংলাদেশ ব্যাংকের অনুমতি নিয়ে খোলা রাখবে। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক স্বাভাবিক সময়ের ন্যায় প্রয়োজনীয় যান্ত্রিক উপকরণের সরবরাহ নিশ্চিত করবেন। ছুটির সময়ের প্রতিদিনের জন্য নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তাগণকে পালাক্রমে দায়িত্ব প্রদান করে একটি সার্কুলার জারী করবেন।

৬) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক এবং সংশ্লিষ্ট ওয়ার্কশপের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিটি ইয়ার্ডে রক্ষিত কন্টেইনারসমূহ যাতে শতভাগ মুখ-জ্যাম করে সংরক্ষণ করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট অপারেটরগণকে কঠোর নির্দেশনা প্রদান করবেন। ইয়ার্ড ইনচার্জ, ইয়ার্ডে নিয়োজিত সহকারী নিরাপত্তা পরিদর্শক এবং ওয়ার্কশপ ইনচার্জ এর সমন্বয়ে ইতিপূর্বে গঠিত কমিটি মুখ-জ্যাম করে কন্টেইনার সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবে।

৭) সিএন্ডএফ এজেন্টগণ আমদানী কন্টেইনার খালাস গ্রহণ এবং পণ্য ডেলিভারী ও রপ্তানী কার্যক্রম স্বাভাবিক নিয়মে সচল রাখতে আমদানী-রপ্তানীকারকগণের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখবেন।

৮) আমদানীকারকগণ যাতে মালামাল ডেলিভারী গ্রহণের জন্য শিপিং এজেন্ট হতে ডেলিভারী অর্ডার গ্রহণ করতে পারেন সে ব্যাপারে শিপিং এজেন্টগণ ঈদের বন্ধের দিনগুলিতে ডেলিভারী অর্ডার গ্রহণের সুবিধার্থে অফিস খোলা রাখবেন এবং বর্তমানে EDO ব্যবস্থা চালু রয়েছে বিধায় প্রয়োজনে On-line এ EDO প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। এর পাশাপাশি বর্তমান পরিস্থিতিতে রপ্তানী পণ্য বোঝাই

BGMEA REGIONAL OFFICE, CTG.
1. Office Incharge
3. Accounts
5. Labour Cell / Fire & Safety
7. Personnel / Gas-Elec.
9. Membership
9. C&M / RSC / Dormitory
10. Port & Customs
11. RDTI/MIS/Fair/Arbitration
12. Health / Hospital / School / Project
13.
Signature
Dispatch No
Date & Time 27/05/25



CS CamScanner

CS CamScanner

কন্টেইনার সঠিক সময়ে শিপমেন্টের বিষয়টি বিকডা ও ফ্রেইট ফরওয়ার্ডারগণের সাথে সমন্বয়পূর্বক নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯) ফ্রেইট ফরওয়ার্ডারগণ এবং চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে স্ব-স্ব অফিস খোলা রাখবেন।

১০) ঈদের সময় যে সকল সরাসরি ডেলিভারীযোগ্য পণ্যবাহী জাহাজ ঘাটে থাকবে/আগমন করবে ঐ সকল জাহাজের মালামাল ডেলিভারীর জন্য কাস্টম হতে বিল অব এন্ট্রি আউট পাশসহ ডকুমেন্ট তৈরী রাখার জন্য শিপিং এজেন্ট, কাস্টমস্ এজেন্টসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা গেল।

১১) অফডকসমূহ ঈদের ছুটিতে বন্দর থেকে কন্টেইনার আনা নেয়ার ব্যাপারে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখবে। এর পাশাপাশি রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে দ্রুত জাহাজীকরণ করা হয়; সে লক্ষ্যে অফডকসমূহ তাদের খাতে নিয়োজিত ট্রেইলার, ট্রেইলার চালক এবং অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের উপস্থিতি নিশ্চিত করবেন।

১২) বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর এবং শিপ হ্যান্ডলিং অপারেটরগণ প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক/জনবল সরবরাহ নিশ্চিত করে অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন। তাছাড়া বার্থ অপারেটর এবং টার্মিনাল অপারেটরগণ জাহাজের কন্টেইনার Unloading/Loading এবং খালি কন্টেইনার Removal এর জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রেইলার সরবরাহ নিশ্চিত করবেন। শিপমেন্টের জন্য যে সমস্ত রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনারের লোডিং অনুমতি সম্পন্ন হয় সেগুলো যাতে যথাসময়ে জাহাজের হুক পয়েন্টে আনয়ন করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট অফডক/রপ্তানীকারকগণের সাথে যোগাযোগ রাখবেন। সহকারী টার্মিনাল ম্যানেজার (শিপ এন্ড ইয়ার্ড), চবকগণ বিষয়টি নিশ্চিত করবেন। প্রয়োজনে টার্মিনাল ম্যানেজার, চবকসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবেন।

১৩) এফবিসিসিআই, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এবং মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি স্বাভাবিকভাবে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সচল রাখতে তাঁদের আওতাভুক্ত আমদানী-রপ্তানীকারকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে ঈদ-উল-আযহা এর বন্ধের সময় সঠিকভাবে শিপমেন্ট হয় সে ব্যাপারে রপ্তানীকারকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করবেন। এ বিষয়ে FBCCI, CCCI এবং MCCI একটি Standing কমিটি গঠন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তার মোবাইল নম্বর চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে জানিয়ে দিবেন। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সহকারী টার্মিনাল ম্যানেজার (শিপ এন্ড ইয়ার্ড), চবকগণ তাঁদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।

১৪) ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ)/চবক, টার্মিনাল ম্যানেজার/চবক, ডেপুটি ট্রাফিক ম্যানেজার (আইসিডি) এবং টার্মিনাল ম্যানেজার (পানগাঁও) সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫) ঈদের ছুটির পূর্ব হতে ছুটি পরবর্তী সময় পর্যন্ত বিজিএমইএ তাদের সদস্যভুক্ত প্রতিষ্ঠানের খাতে আমদানীকৃত মালামাল/পোশাক শিল্পের মালামাল/কন্টেইনার ডেলিভারী গ্রহণ, রপ্তানী পণ্য/কন্টেইনার সঠিক সময়ে জাহাজীকরণের জন্য বন্দরে প্রেরণ ইত্যাদি বিষয়ে নিবিড় মনিটরিং এবং চট্টগ্রাম বন্দরের সাথে কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে বিজিএমইএ এর পক্ষ হতে ঢাকা ও চট্টগ্রামে পৃথক পৃথক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োজিত করে তাদের Contact Number সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে জনাব মুহাম্মাদ আনিস উদ্দিন আহমদ, সহকারী



CS CamScanner

CS CamScanner

টার্মিনাল ম্যানেজার, শিপ এন্ড ইয়ার্ড (জিসিবি), (মোবাইল নং- ০১৮১৯-৮০৮৯৫৬) জনাব মুহাম্মদ কামরুল ইসলাম মজুমদার, সহকারী টার্মিনাল ম্যানেজার/শিপ এন্ড ইয়ার্ড, (সিসিটি/এনসিটি) (মোবাইল নং- ০১৭১৫-১৬৩৯৯৯) এবং জনাব রাজীব চৌধুরী, সহকারী টার্মিনাল ম্যানেজার (কন্ট্রোল) (মোবাইল নং- ০১৭৭৬-৩২২৯৯৮) বিজিএমইএ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করবেন।

১৬) ঈদ-উল-আযহা এর ছুটিকালীন সময়ে (ঈদের দিন এক শিফট ব্যতীত) চট্টগ্রাম বন্দরের সকল ধরনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও তদারকি করার লক্ষ্যে একটি Task Force গঠন করা হয়েছে। উক্ত Task Force এর মোবাইল নম্বর- ০১৮৪০-৮১৬৫৫৬ সার্বক্ষণিক যোগাযোগের জন্য চালু থাকবে।

দেশের সকল ব্যবসায়ীদের সর্বোচ্চ সেবা প্রদানে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বদ্ধ পরিকর। এ লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারগণের সার্বিক সহযোগিতা কামনা করছে।

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ডিটি/শিপ/২৪ ঘন্টা চালুকরণ/২০১৭/১৩৮৬ তারিখ-১৯-০৫-২০২৫ ইং।

অনুলিপি- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সকল সদস্য, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। পি এস টু মাননীয় প্রধান উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা - মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। পি এস টু মাননীয় উপদেষ্টা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। পি এস টু মাননীয় উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় বাণিজ্য উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পি এস টু সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট- এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ - জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। পি এস টু সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

অবগতি এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ সহকারে প্রেরণ করা গেল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। পরিচালক (নিরাপত্তা), চবক।
২। ডেপুটি কনজারভেটর, চবক।
৩। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক।
৪। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক।
৫। পরিচালক (বিদ্যুৎ), চবক।
৬। সচিব, চবক।
৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
৮। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাসন), চবক।
৯। টার্মিনাল ম্যানেজার, চবক।



CamScanner

CamScanner